# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০

ফোনঃ ০২-৯৫৭৪০২৫

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(১০)অংশ-৬/২০২০-২০২১/৪৭৩ তারিখঃ ২১/০৯/২০২০খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক (কর্পোরেট শাখাসহ)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এর ১০ সেপ্টেম্বর, ২০২০/২৬ ভাদ্র, ১৪২৭ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সঞ্চয় অধিশাখা এর ২০/০৮/২০২০ তারিখের স্মারক নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৮.০২-৫৮/১(৩) এর সূত্রে ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্রে বর্ণিত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১(এক) পাতা।

২১/০৯/২০২০
( মোহাম্মদ মনিরুল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৩(১০)অংশ-৬/২০২০-২০২১/ তারিখঃ ২১/০৯/২০২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি,ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

২১/০৯/২০২০
( মুহাম্মদ তাইবুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সূত্রঃ ডিএমডি সার্কুলার লেটার নংঃ ০৬

তারিখ: ২৬ ভাদ্র, ১৪২৭ বাংলা
১০ সেপ্টেম্বর, ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

শাখা নিয়ন্ত্রণ ও আঞ্চলিক উন্নয়ন বিভাগ
উপ-মহাব্যবস্থাপক

**৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শীর্ষক বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সঞ্চয় অধিশাখা এর ২০/০৮/২০২০ তারিখের স্মারক নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৮.০২-৫৮/১(৩) এর সূত্রে ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলোঃ

(১) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52D অনুযায়ী Savings instruments এর মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন করতে হয়। অর্থাৎ মুনাফা পরিশোধের তারিখে বিদ্যমান করহারে উৎসে কর কর্তন করতে হবে। এখানে পরিশোধ (Payment) বলতে ট্রান্সফার, ক্রেডিট, সমন্বয়, অথবা পরিশোধের আদেশ বা নির্দেশ বুঝাবে (Payment includes a transfer, a credit, an adjustment of payment or an order of instruction of making payment);

(২) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র ২য় মেয়াদে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফা ও আসল একত্রে মোট বিনিয়োগ হিসেবে গণ্য হবে;

(৩) মুনাফা পরিশোধের তারিখে পুঞ্জিভূত বিনিয়োগ (স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফাসহ মোট বিনিয়োগ) ৫ লক্ষ টাকা অতিক্রম করলে, ০১.০৭.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে পরবর্তী যে কোন সময়ে মুনাফা পরিশোধকালে উৎসে ১০% হারে কর কর্তন করতে হবে;

(৪) ক্রয়কাল নির্বিশেষে মুনাফা পরিশোধের তারিখে পুঞ্জিভূত বিনিয়োগ (স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফাসহ মোট বিনিয়োগ) ৫ লক্ষ টাকা অতিক্রম না করলে মুনাফা পরিশোধকালে উৎসে ৫% হারে কর কর্তন করতে হবে এবং

(৫) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে ২য় মেয়াদে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুঞ্জিভূত বিনিয়োগের (স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফাসহ মোট বিনিয়োগ) পরিমাণ ৫ লক্ষ টাকা অতিক্রম করলেই মুনাফা পরিশোধকালে উৎসে ১০% হারে কর কর্তন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১

৯০২৩ ১৪/৯/২০২০
DMD-1

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং. ৪৪৫ তারিখ ১৫/৯/২০২০
বিভাগ. জিএম (অপস্)
G.M (LPO)
ডিএমডি-১
DGM(BCBD)